দৈনিক
ইত্তেফাক

তারিখ ... 18 APR 2009 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ......

# ইডেন কলেজের উন্নয়নে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হবে

॥ ইত্তেফাক রিপোর্ট ॥

ইডেন মহিলা কলেজে গত বৃহস্পতিবার বর্ণাঢ্য আয়োজনের মধ্য দিয়ে সাহিত্য ও সংস্কৃতি সপ্তাহ সম্পন্ন হয়েছে। এ উপলক্ষে আয়োজিত অনুষ্ঠানে প্রধানমন্ত্রীর স্বাস্থ্য বিষয়ক উপদেষ্টা সৈয়দ মোদাচ্ছের আলী বলেছেন, শত বছরের ঐতিহ্যবাহী এ কলেজের উন্নয়নে প্রয়োজনীয় অর্থ বরাদ্দ দেয়া হবে। কলেজের ২৭ হাজার শিক্ষার্থীর জন্য আবাসনের ব্যবস্থা, বাস সার্ভিস চালু, আধুনিক ক্লাস রুম, অডিটোরিয়াম নির্মাণসহ শুধু পরীক্ষার জন্য পৃথক ভবন নির্মাণের চিন্তাভাবনা করছে সরকার। বিশেষ করে ছাত্রীদের তীব্র আবাসিক সমস্যা নিরসনে শিগগিরই বিশেষ পদক্ষেপ নেয়া হবে।

কলেজের অধ্যক্ষ প্রফেসর মাহফুজা চৌধুরীর সভাপতিত্বে সাংস্কৃতিক অনুষ্ঠানপূর্ব সমাবেশে বক্তব্য রাখেন স্থানীয় সংসদ সদস্য ডাঃ মোস্তফা জালাল মহিউদ্দিন, শিক্ষা সচিব সৈয়দ আতাউর রহমান, ইডেন কলেজের উপাধ্যক্ষ প্রফেসর ড. আয়েশা বেগম, শিক্ষক পরিষদের সম্পাদিকা প্রফেসর কানিজুন নাহার বেগম, সৈয়দা শামসুননাহার আক্তার প্রমুখ।

স্থানীয় সংসদ সদস্য বলেন, ইডেন মহিলা কলেজের ছাত্রীদের সার্বিক নিরাপত্তা ও সাংস্কৃতিক বিকাশে সরকারের পক্ষ থেকে সম্ভাব্য সবধরনের সহযোগিতা দেয়া হবে। পরে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান ও বিজয়ীদের মাঝে পুরস্কার বিতরণ করা হয়। বাংলা ও ইংরেজীতে কবিতা আবৃত্তি, একক অভিনয়, উপস্থিত বক্তৃতা, বিতর্ক, কৌতুক, দেশাত্মবোধক গান, উচ্চাঙ্গ সঙ্গীত, নজরুলগীতি, রবীন্দ্র সঙ্গীত, আধুনিক গান, পল্লীগীতি, লোকনৃত্য, সাধারণ নৃত্য ও রচনা প্রতিযোগিতায় অর্ধশতাধিক বিজয়ীর মাঝে সম্মাননা পুরস্কার ও সনদ বিতরণ করা হয়। ইংরেজী চতুর্থ বর্ষের ছাত্রী মেহরিন তাবাসসুম হক চ্যাম্পিয়ন ও সমাজকর্ম ৩য় বর্ষের ছাত্রী তাহমিনা হামিদ এ্যানি বিশেষ পুরস্কার লাভ করেন। কলেজের আদিবাসী ছাত্রীরা বিশেষ নৃত্য পরিবেশন করে। দিনব্যাপী কলেজ অডিটোরিয়ামে অনুষ্ঠিত প্রতিযোগিতায় বিপুল সংখ্যক শিক্ষার্থী অংশগ্রহণ করে।